গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

অর্থবছর: ২০২৫-২৬

# সূচিপত্র

সেকশন ১: ভিশন, মিশন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের ৩ বছর মেয়াদি পরিকল্পনার ছক (3-year plan table of the ministry/department) ........ ৫

সেকশন ২: (বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা) ((Performance plan for the fiscal year in question)) ........ ১০

সেকশন ৩: (মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত বিষয়-সংক্রান্ত প্রতিবেদন) ........ ১৩

সংযোজনী ১: শব্দসংক্ষেপ ........ ১৪

সংযোজনী ২: বিস্তারিত পরিকল্পনা (Detailed plan) ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন ও প্রমাণক (Performance and proof) ........ ২৭

সংযোজনী ৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ (Activities related/dependent to other offices) ........ ৩০

## সেকশন ১
## ভিশন, মিশন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনা

**১.১ ভিশন**

**জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি এবং সুস্বাস্থ্য ও বিনোদনের জন্য ক্রীড়া**

**১.২ মিশন**

**প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও উৎপাদনশীল যুব সমাজ গঠন এবং ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উৎকর্ষ সাধন**

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের ৩ বছর মেয়াদি পরিকল্পনার ছক (3-year plan table of the ministry/department)

| ক্রমিক | কার্যক্রম | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৫-২৬) | ২য় বছর (২০২৬-২৭) | ৩য় বছর (২০২৭-২৮) |
| ১ | দক্ষ ও উৎপাদনশীল যুবসমাজ গঠনের লক্ষ্যে যুবদের দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান | প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ : ২০০০০ জন<br><br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ : ৬০০০০ জন | প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ : ৪২০০০ জন<br><br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ: ১,২৫,০০০ জন | প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ: ৪৭০০০ জন<br><br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ : ১,৩০,০০০ জন |
| ২ | যুব সংগঠনকে অনুদান প্রদান | ২০২৫-২৬ অর্থবছরের জন্য দেশের নিবন্ধিত/তালিকাভুক্ত যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের লক্ষ্যে তালিকা চূড়ান্তকরণ | ২০২৬-২৭ অর্থবছরের জন্য দেশের নিবন্ধিত/তালিকাভুক্ত যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের লক্ষ্যে তালিকা চূড়ান্তকরণ। | ২০২৭-২৮ অর্থবছরের জন্য দেশের নিবন্ধিত/তালিকাভুক্ত যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের লক্ষ্যে তালিকা চূড়ান্তকরণ। |
| ৩ | প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ঋণ সহায়তা প্রদান | ১৪,০০০ জন প্রশিক্ষিত যুবকে ঋণ সহায়তা প্রদান ও কার্যক্রম মনিটরিং | ২৮,৫০০ জন প্রশিক্ষিত যুবকে ঋণ সহায়তা প্রদান ও কার্যক্রম মনিটরিং | ৩০,০০০ জন প্রশিক্ষিত যুবকে ঋণ সহায়তা প্রদান ও কার্যক্রম মনিটরিং |
| ৪ | যুব পুরস্কার প্রদান | i) "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড, ২০২৫" প্রদানের লক্ষ্যে প্রার্থীর তালিকা চূড়ান্তকরণ।<br><br>ii) "জাতীয় যুব পুরস্কার, ২০২৬" এর প্রস্তাব আহ্বান ও আবেদন সংগ্রহ | i) "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড, ২০২৫" এর পুরস্কার প্রদান এবং "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড, ২০২৬" প্রদানের লক্ষ্যে প্রার্থীর তালিকা চূড়ান্তকরণ।<br><br>ii) "জাতীয় যুব পুরস্কার, ২০২৬" এর মনোনয়ন চূড়ান্তকরণ ও পুরস্কার প্রদান; "জাতীয় যুব পুরস্কার, ২০২৭" প্রদানের লক্ষ্যে প্রস্তাব আহ্বান ও আবেদন সংগ্রহ | i) "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড, ২০২৬" এর পুরস্কার প্রদান এবং "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড, ২০২৭" প্রদানের লক্ষ্যে প্রার্থীর তালিকা চূড়ান্তকরণ।<br><br>ii) "জাতীয় যুব পুরস্কার, ২০২৭" এর মনোনয়ন চূড়ান্তকরণ ও পুরস্কার প্রদান; "জাতীয় যুব পুরস্কার, ২০২৮" এর প্রস্তাব আহ্বান ও আবেদন সংগ্রহ |

| ক্রমিক | কার্যক্রম | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৫-২৬) | ২য় বছর (২০২৬-২৭) | ৩য় বছর (২০২৭-২৮) |
| ৫ | অনলাইন অ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরি | i) ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড এবং নিবন্ধিত যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের অনলাইন অ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরির লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর<br><br>ii) YTMS (Youth Training Management System) এর মাধ্যমে যুব প্রশিক্ষণ ব্যবস্থাপনা সিস্টেম প্রবর্তনের লক্ষ্যে Software design and Development; ৮ বিভাগের ৮টি জেলায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় অনলাইনে ভর্তি ও e-সনদ প্রদান<br><br>iii) SFMS (Seed Financing Management System) এর মাধ্যমে সিড ফাইনান্সিং ব্যবস্থাপনা সিস্টেম প্রবর্তনের লক্ষ্যে Software design and Development; খুলনা জেলায় পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন<br><br>iv) MFS (Mobile Financial Service) এর মাধ্যমে প্রশিক্ষণ ভাতা প্রদানের লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার এর সাথে চুক্তি সম্পাদন এবং ঢাকা জেলায় পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন<br><br>v) অভ্যন্তরীণ অনলাইন ভিত্তিক ইনভেনটরি ম্যানেজমেন্ট এন্ড রিকুইজিশন সিস্টেম প্রণয়নের লক্ষ্যে UAT (User Acceptance Test) সম্পন্নকরণ; User Training and Piloting সম্পন্নকরণ; সার্ভার হোস্টিং সম্পন্নকরণ ও সকল ব্যবহারকারীর জন্য উন্মুক্তকরণ। | i) সফটওয়্যার ডেভেলপমেন্ট; সফটওয়্যারের পাইলটিং; User Acceptance Test; মন্ত্রণালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ সম্পন্নকরণ এবং ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড এবং অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ<br><br>ii) YTMS (Youth Training Management System) এর মাধ্যমে অবশিষ্ট ৫৬টি জেলায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় অনলাইনে ভর্তি ও e-সনদ প্রদান<br><br>iii) SFMS (Seed Financing Management System) এর মাধ্যমে খুলনা জেলাসহ ৮ বিভাগের ৮ জেলায় বাস্তবায়ন<br><br>iv) MFS (Mobile Financial Service) এর মাধ্যমে ঢাকা জেলাসহ ৮ বিভাগের ৮ জেলায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ভাতা প্রদান<br><br>v) .... | i) বাস্তবায়ন<br><br>ii) YTMS (Youth Training Management System) এর মাধ্যমে সকল উপজেলায় অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় অনলাইনে ভর্তি ও e-সনদ প্রদান<br><br>iii) SFMS (Seed Financing Management System) এর মাধ্যমে অবশিষ্ট ৫৬ জেলায় বাস্তবায়ন<br><br>iv) MFS (Mobile Financial Service) এর মাধ্যমে অবশিষ্ট ৫৬ জেলায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ভাতা প্রদান<br><br>v) ... |
| ৬ | দক্ষ ক্রীড়াবিদ তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | বিকেএসপি কর্তৃক ১০০০ জন,<br>জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ২০০০ জন ও<br>ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ১৯২০ জনকে প্রশিক্ষণ প্রদান | বিকেএসপি কর্তৃক ১০৫০ জন,<br>জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ২৫০০ জন ও<br>ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ৩৮৪০ জনকে প্রশিক্ষণ প্রদান | বিকেএসপি কর্তৃক ১১০০ জন,<br>জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ৩০০০ জন ও<br>ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ৫৭৬০ জনকে প্রশিক্ষণ প্রদান |

| ক্রমিক | কার্যক্রম | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | **১ম বছর (২০২৫-২৬)** | **২য় বছর (২০২৬-২৭)** | **৩য় বছর (২০২৭-২৮)** |
| ৭ | স্থানীয়, জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন ও অংশগ্রহণ | i) বিকেএসপি কর্তৃক ০৪ টি, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ১৫টি ও ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ০৫টি প্রতিযোগিতা আয়োজন<br><br>ii) বিকেএসপি কর্তৃক ১৫ টি, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ৫টি প্রতিযোগিতায় অংশগ্রহণ | i) বিকেএসপি কর্তৃক ০৬ টি, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ২৫টি ও ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ০৭টি প্রতিযোগিতা আয়োজন<br><br>ii) বিকেএসপি কর্তৃক ৩০ টি, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ১৫টি প্রতিযোগিতায় অংশগ্রহণ | i) বিকেএসপি কর্তৃক ০৭ টি, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ৩০টি ও ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ০৮টি প্রতিযোগিতা আয়োজন<br><br>ii) বিকেএসপি কর্তৃক ৩৫ টি, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ২৫টি প্রতিযোগিতায় অংশগ্রহণ |
| ৮ | অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের ক্রীড়া ভাতা, চিকিৎসা ও আর্থিক সহায়তা | জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে ১৭০০ জনকে ক্রীড়া ভাতা প্রদান এবং ৬০ জনকে চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান | জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে ১৭৫০ জনকে ক্রীড়া ভাতা প্রদান এবং ১০০ জনকে চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান | জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে ১৮০০ জনকে ক্রীড়া ভাতা প্রদান এবং ১২০ জনকে চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান |
| ৯ | উদীয়মান অসচ্ছল ক্রীড়া শিক্ষার্থীদের ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান | জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে ১০০০ জনকে ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান | জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে ১১০০ জনকে ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান | জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে ১২০০ জনকে ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান |
| ১০ | ক্রীড়া সামগ্রী বিতরণ | ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ২০০০টি ও জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানে/ ক্রীড়া ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ | ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ৪০০০টি ও জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ১০০টি শিক্ষা প্রতিষ্ঠানে/ ক্রীড়া ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ | ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ৫০০০টি ও জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক ১৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে/ ক্রীড়া ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ হালনাগাদকরণ | যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ হালনাগাদকরণের লক্ষ্যে সচিব কমিটির অনুমোদন ও পিএসসি'র অনুমোদন গ্রহণ | লেজিসলেডিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণপূর্বক যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ চূড়ান্তকরণ | যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ বাস্তবায়ন |
| ১২ | ক্রীড়া পরিদপ্তরের নিয়োগবিধিমালা হালনাগাদকরণ | ক্রীড়া পরিদপ্তরের নিয়োগবিধিমালা হালনাগাদকরণের লক্ষ্যে খসড়া প্রণয়ন | ক্রীড়া পরিদপ্তরের নিয়োগবিধিমালা হালনাগাদকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | ক্রীড়া পরিদপ্তরের নিয়োগবিধিমালা চূড়ান্তকরণ |
| ১৩ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ প্রণয়ন | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ প্রণয়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করে প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ জনপ্রশাসন মন্ত্রণালয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন শেষে মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি'র সুপারিশের নিমিত্ত প্রস্তাব প্রেরণ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি'র সুপারিশের প্রেক্ষিতে ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ ও পরবর্তীতে এসআরও প্রাপ্তি সাপেক্ষে প্রবিধানমালা চূড়ান্তকরণ ও গেজেটে প্রকাশ |
| ১৪ | জাতীয় ক্রীড়া পরিষদ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ প্রবিধানমালা, ২০২৬ প্রণয়ন | জাতীয় ক্রীড়া পরিষদ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ প্রবিধানমালা, ২০২৬ এর খসড়া প্রণয়ন | জাতীয় ক্রীড়া পরিষদ (কর্মকর্তা ও কর্মচারী) খসড়া নিয়োগ প্রবিধানমালা, ২০২৬ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | জাতীয় ক্রীড়া পরিষদ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ প্রবিধানমালা, ২০২৬ চূড়ান্তকরণ |
| ১৫ | জাতীয় ক্রীড়া পরিষদের অধীন ক্রীড়া সংস্থা/ ফেডারেশনসমূহের জন্য আর্দশ গঠনতন্ত্র প্রণয়ন | জাতীয় ক্রীড়া পরিষদের অধীন ক্রীড়া সংস্থা/ ফেডারেশনসমূহের জন্য আর্দশ গঠনতন্ত্র প্রণয়নে অংশীজনদের মতামত গ্রহণ | জাতীয় ক্রীড়া পরিষদের নির্বাহী কমিটির অনুমোদন গ্রহণপূর্বক আদর্শ গঠনতন্ত্র চূড়ান্তকরণ | জাতীয় ক্রীড়া পরিষদের আদর্শ গঠনতন্ত্র বাস্তবায়ন |
| ১৬ | জাতীয় যুবনীতি ২০১৭ হালনাগাদকরণ | জাতীয় যুবনীতি ২০১৭ হালনাগাদকরণের লক্ষ্যে স্টেক হোল্ডারের সাথে মতবিনিময় | জাতীয় যুবনীতি ২০১৭-এর খসড়া প্রস্তুতকরণ ও চূড়ান্তকরণ | জাতীয় যুবনীতি ২০১৭ বাস্তবায়ন |

| ক্রমিক | কার্যক্রম | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৫-২৬) | ২য় বছর (২০২৬-২৭) | ৩য় বছর (২০২৭-২৮) |
| ১৭ | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রশিক্ষণ প্রবিধানমালা, ২০২৫ প্রণয়ন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রশিক্ষণ প্রবিধানমালা, ২০২৫ অনুমোদন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রশিক্ষণ প্রবিধানমালা, ২০২৫ বাস্তবায়ন | ... |
| ১৮ | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী (ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২৬ প্রণয়ন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী (ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২৬ এর খসড়া প্রণয়নের লক্ষ্যে অংশীজন সভা আয়োজন। | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী (ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২৬ এর খসড়া প্রণয়ন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী (ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২৬ অনুমোদন |
| ১৯ | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের Diploma in Web Development-এর সিলেবাস/ কারিকুলাম হালনাগাদকরণ | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের Diploma in Web Development-এর সিলেবাস/ কারিকুলামের খসড়া প্রণয়ন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের Diploma in Web Development-এর সিলেবাস/ কারিকুলামের খসড়া চূড়ান্তকরণ | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের Diploma in Web Development-এর সিলেবাসের আলোকে কার্যক্রম বাস্তবায়ন |
| ২০ | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর PGD in Fashion Design এর সিলেবাস/কারিকুলাম প্রণয়ন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর PGD in Fashion Design এর সিলেবাস/কারিকুলামের খসড়া প্রণয়ন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর PGD in Fashion Design এর সিলেবাস চূড়ান্ত অনুমোদন ও বাস্তবায়ন | ... |
| ২১ | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর PGD in ICT (AI) এর সিলেবাস/কারিকুলাম প্রণয়ন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর PGD in ICT (AI) এর সিলেবাস/কারিকুলামের খসড়া প্রণয়ন | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর PGD in ICT (AI) এর সিলেবাস চূড়ান্ত অনুমোদন ও বাস্তবায়ন | ... |
| ২২ | নিয়োগ/শূন্য পদ পূরণ | i) যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ১০০টি শূন্য পদ পূরণ<br><br>ii) ক্রীড়া পরিদপ্তরের ২০ জন কর্মচারীর নিয়োগ কার্যক্রম সম্পন্নকরণ | i) যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ২০০টি শূন্য পদ পূরণ<br><br>ii) ক্রীড়া পরিদপ্তরের ২২ জন কর্মচারীর নিয়োগ কার্যক্রম সম্পন্নকরণ | i) যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ৩০০টি শূন্য পদ পূরণ<br><br>ii) ক্রীড়া পরিদপ্তরের ২৫ জন কর্মচারীর নিয়োগ কার্যক্রম সম্পন্নকরণ |
| ২৩ | পদোন্নতি | i) যুব উন্নয়ন অধিদপ্তরের ২০ জন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান<br><br>ii) ক্রীড়া পরিদপ্তরের ১০ জন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান | i) যুব উন্নয়ন অধিদপ্তরের ৩০ জন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান<br><br>ii) ক্রীড়া পরিদপ্তরের ১৫ জন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান | i) যুব উন্নয়ন অধিদপ্তরের ৬০ জন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান<br><br>ii) ক্রীড়া পরিদপ্তরের ১৭ জন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান |
| ২৪ | উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপন | ক্রীড়া পরিদপ্তরের আওতায় উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপনের নিমিত্ত নিকার-এর অনুমোদন গ্রহণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ। | ক্রীড়া পরিদপ্তরের আওতায় উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ | উপজেলা ক্রীড়া অফিস স্থাপন ও পদ সৃজন চূড়ান্তকরণ |
| ২৫ | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) প্রকল্প ২য় সংশোধন" (জুলাই ২০২১ থেকে জুন ২০২৭) এর আওতায় বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন | ক্রমপুঞ্জিভূত ৯৫০০ টি বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন<br>(৬৩.৩৩%) | ক্রমপুঞ্জিভূত ১৫০০০ টি বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন<br>(১০০%) | ... |
| ২৬ | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক "দেশের ৪৮টি জেলায় কর্মপ্রত্যাশি যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি" প্রকল্প (জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬) এর আওতায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান | ক্রমপুঞ্জিভূত ১৮০০০ জনকে প্রশিক্ষণ প্রদান<br>(৬২.৫%) | ক্রমপুঞ্জিভূত ২৮৮০০ জনকে প্রশিক্ষণ প্রদান<br>(১০০%) | ... |

| ক্রমিক | কার্যক্রম | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৫-২৬) | ২য় বছর (২০২৬-২৭) | ৩য় বছর (২০২৭-২৮) |
| ২৭ | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক "Economic Acceleration and Resilience for NEET (EARN)" প্রকল্প (জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৮) এর আওতায় NEET যুবগোষ্ঠিকে প্রশিক্ষণ প্রদান | সার্ভিস প্রোভাইডার নিয়োগ এবং ২৫,০০০ জনকে প্রশিক্ষণ প্রদান | ২,০০,০০০ জনকে প্রশিক্ষণ প্রদান | ২,৫০,০০০ জনকে প্রশিক্ষণ প্রদান |
| ২৮ | বিকেএসপি কর্তৃক "যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণ" (সেপ্টেম্বর ২০২৫ থেকে ফেব্রুয়ারি ২০২৮) প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রদান | ১০০০ জনকে প্রশিক্ষণ প্রদান (১১.৩০%) | ক্রমপুঞ্জিভূত ৪৯০০ জনকে প্রশিক্ষণ প্রদান (৫৫.৩৭%) | ক্রমপুঞ্জিভূত ৮৮৫০ জনকে প্রশিক্ষণ প্রদান (১০০%) |
| ২৯ | বিকেএসপির "প্রশিক্ষণ সুবিধাদির আধুনিকায়ন এবং ভৌত অবকাঠামো সুবিধাদির উন্নয়ন" (১লা জানুয়ারি ২০২৪ হতে ৩১ ডিসেম্বর ২০২৬) প্রকল্পের আওতায় ক্রীড়া স্থাপনা ও আবাসিক ভবন নির্মাণ কাজ সম্পন্নকরণ | ৪০% | ক্রমপঞ্জিভূত ১০০% | ... |
| ৩০ | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক 'তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" প্রকল্প (অক্টোবর ২০২৫ থেকে সেপ্টেম্বর ২০২৭) বাস্তবায়ন | সার্ভিস প্রোভাইডার নিয়োগ এবং ৩২০০ জনকে প্রশিক্ষণ প্রদান (২৮.৫৭%) | ক্রমপুঞ্জিভূত ৯৬০০ জনকে প্রশিক্ষণ প্রদান (৮৫.৭১%) | ক্রমপুঞ্জিভূত ১১২০০ জনকে প্রশিক্ষণ প্রদান (১০০%) |
| ৩১ | বাংলাদেশ স্পোর্টস ইনস্টিটিউট (BSI) স্থাপন | সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্নকরণ ও খসড়া ডিপিপি প্রণয়ন | ডিপিপি প্রক্রিয়াকরণ ও অনুমোদন | প্রকল্প বাস্তবায়ন |
| ৩২ | জাতীয় ক্রীড়া পরিষদের জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ে ক্রীড়া স্থাপনা ও অন্যান্য স্থাপনা মেরামত/সংস্কার | ২৫টি ক্রীড়া স্থাপনা | ৩০টি ক্রীড়া স্থাপনা | ৩৫টি ক্রীড়া স্থাপনা |

## সেকশন ২

## (বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা) ((Performance plan for the fiscal year in question))

| কর্মসম্পাদন ক্ষেত্র | মন্ত্রণালয়ের পরিকল্পনার ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (বিগত বছরের) | লক্ষ্যমাত্রা (২০২৫-২৬ বছরের) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১] সেবা প্রদান [মান-২৬] | ১ | [১] প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান | ব্যক্তি (সমষ্টি) | ৪ | ... | ৮০০০০ |
| | ২ | [২] দেশের নিবন্ধিত/তালিকাভুক্ত যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের লক্ষ্যে তালিকা চূড়ান্তকরণ | তারিখ (তারিখ) | ২ | | ২০২৬-০৬-৩০ |
| | ৩ | [৩] প্রশিক্ষিত যুবকে ঋণ সহায়তা প্রদান ও কার্যক্রম মনিটরিং | ব্যক্তি (সমষ্টি) | ৩ | | ১৪০০০ |
| | ৪ | [৪] “জাতীয় যুব পুরস্কার, ২০২৬” এর প্রস্তাব আহ্বান ও আবেদন সংগ্রহ | তারিখ (তারিখ) | ২ | | ২০২৬-০৬-৩০ |
| | ৫ | [৫] iv) MFS (Mobile Financial Service) এর মাধ্যমে প্রশিক্ষণ ভাতা প্রদানের লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার এর সাথে চুক্তি সম্পাদন এবং ঢাকা জেলায় পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন | তারিখ (তারিখ) | ২ | | ২০২৬-০৩-৩১ |
| | ৬ | [৬] দক্ষ ক্রীড়াবিদ তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | ব্যক্তি (সমষ্টি) | ৩ | | ৪৯২০ |
| | ৭ | [৭] স্থানীয়, জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | সংখ্যা (সমষ্টি) | ২ | | ২৪ |
| | ৭ | [৮] স্থানীয়, জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ | সংখ্যা (সমষ্টি) | ২ | | ২০ |
| | ৮ | [৯] জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের ক্রীড়া ভাতা, চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান | ব্যক্তি (সমষ্টি) | ২ | | ১৭৬০ |
| | ১০ | [১০] বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে/ ক্রীড়া ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ | সংখ্যা (সমষ্টি) | ২ | | ২০৭০ |
| | ৯ | [১১] জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে উদীয়মান অসচ্ছল ক্রীড়া শিক্ষার্থীদের ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান | ব্যক্তি (সমষ্টি) | ২ | | ১০০০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | মন্ত্রণালয়ের পরিকল্পনার ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (বিগত বছরের) | লক্ষ্যমাত্রা (২০২৫-২৬ বছরের) |
|---|---|---|---|---|---|---|
| [২] নীতি ও সংস্কার কার্যক্রম [মান-১৮] | ১১ | [১২] যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ হালনাগাদকরণের লক্ষ্যে সচিব কমিটির অনুমোদন ও পিএসসি'র অনুমোদন গ্রহণ | তারিখ (তারিখ) | ৪ | | ২০২৬-০৬-৩০ |
| | ১২ | [১৩] ক্রীড়া পরিদপ্তরের নিয়োগ বিধিমালা, ২০২২ হালনাগাদকরণের লক্ষ্যে খসড়া প্রণয়ন | তারিখ (তারিখ) | ২ | | ২০২৬-০৬-৩০ |
| | ১৩ | [১৪] বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ প্রণয়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করে প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ (তারিখ) | ৩ | | ২০২৬-০৫-৩১ |
| | ১৪ | [১৫] জাতীয় ক্রীড়া পরিষদ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ প্রবিধানমালা, ২০২৬ এর খসড়া প্রণয়ন | তারিখ (তারিখ) | ৩ | | ২০২৬-০৫-৩১ |
| | ১৭ | [১৬] জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রশিক্ষণ প্রবিধানমালা, ২০২৫ অনুমোদন | তারিখ (তারিখ) | ৪ | | ২০২৬-০৬-৩০ |
| | ১৮ | [১৭] জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী (ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২৬ এর খসড়া প্রণয়নের লক্ষ্যে অংশীজন সভা আয়োজন। | সংখ্যা (সমষ্টি) | ২ | | ৩ |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা [মান-১৮] | ২২ | [১৮] যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের শূন্য পদ পূরণ (১১তম গ্রেড থেকে ২০তম গ্রেড পর্যন্ত) | সংখ্যা (সমষ্টি) | ৪ | | ১০০ |
| | ২৩ | [১৯] যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি প্রদান (১১ তম গ্রেড হতে ৯ম গ্রেড, ৯ম গ্রেড হতে ৭ম গ্রেড, ৯ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে এবং ৬ষ্ঠ গ্রেড হতে ৫ম গ্রেডে) | সংখ্যা (সমষ্টি) | ৩ | | ২০ |
| | ২৩ | [২০] ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি প্রদান (২০ তম গ্রেড হতে ১৬ গ্রেডে এবং ৯ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে) | সংখ্যা (সমষ্টি) | ৩ | | ১০ |
| | ২৪ | [২১] ক্রীড়া পরিদপ্তরের আওতায় উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপনের নিমিত্ত নিকার-এর অনুমোদন গ্রহণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ। | তারিখ (তারিখ) | ৪ | | ২০২৬-০৬-১৫ |
| | ২০ | [২২] জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর PGD in Fashion Design এর সিলেবাস/কারিকুলামের খসড়া প্রণয়ন। | তারিখ (তারিখ) | ২ | | ২০২৬-০৫-৩১ |
| | ৫ | [২৩] V) অভ্যন্তরীণ অনলাইন ভিত্তিক ইনভেনটরি ম্যানেজমেন্ট এন্ড রিকুইজিশন সিস্টেম প্রণয়ন ও সকল ব্যবহারকারীর জন্য উন্মুক্তকরণ। | তারিখ (তারিখ) | ২ | | ২০২৬-০৬-১৫ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | মন্ত্রণালয়ের পরিকল্পনার ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (বিগত বছরের) | লক্ষ্যমাত্রা (২০২৫-২৬ বছরের) |
|---|---|---|---|---|---|---|
| [৪] উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম [মান-১৮] | ২৫ | [২৪] যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) প্রকল্প ২য় সংশোধন" (জুলাই ২০২১ থেকে জুন ২০২৭) এর আওতায় বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২ | ৪১২৮ | ৯৫০০ |
| | ২৬ | [২৫] যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক "দেশের ৪৮টি জেলায় কর্মপ্রত্যাশি যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি" প্রকল্প (জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬) এর আওতায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৩ | ৪৮০০ | ১৮০০০ |
| | ২৮ | [২৬] বিকেএসপি কর্তৃক "যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণ" (সেপ্টেম্বর ২০২৫ থেকে ফেব্রুয়ারি ২০২৮) প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রদান | সংখ্যা (সমষ্টি) | ৩ | | ১০০০ |
| | ২৯ | [২৭] বিকেএসপির "প্রশিক্ষণ সুবিধাদির আধুনিকায়ন এবং ভৌত অবকাঠামো সুবিধাদির উন্নয়ন" (১লা জানুয়ারি ২০২৪ হতে ৩১ ডিসেম্বর ২০২৬) প্রকল্পের আওতায় ক্রীড়া স্থাপনা ও আবাসিক ভবন নির্মাণ | শতকরা (গড়) (গড়) | ৩ | | ৪০.০০ |
| | ৩১ | [২৮] বাংলাদেশ স্পোর্টস ইনস্টিটিউট (BSI) স্থাপনের লক্ষ্যে খসড়া ডিপিপি প্রণয়ন | তারিখ (তারিখ) | ৩ | | ২০২৬-০৬-৩০ |
| | ৩২ | [২৯] জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ে ক্রীড়া স্থাপনা ও অন্যান্য স্থাপনা মেরামত/সংস্কার এবং কার্যক্রম পরিবীক্ষণ (মনিটরিং) | সংখ্যা (সমষ্টি) | ২ | | ২৫ |
| | ৩০ | [৩০] যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক 'তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার নিয়োগ। | তারিখ (তারিখ) | ২ | | ২০২৬-০৪-৩০ |

## সেকশন ৩
## (মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত বিষয়-সংক্রান্ত প্রতিবেদন)

**১.১ [২০০০ হতে ২২০০ শব্দের মধ্যে]**

## সংযোজনী ১
## শব্দসংক্ষেপ

| ক্রমিক নাম্বার | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | B-Sports | Bachelor of Sports |
| ২ | BEFTN | Bangladesh Electronic Fund Transfer Network |
| ৩ | BKSP | Bangladesh Krira Shikkha Protishthan |
| ৪ | BPEd | Bachelor of Physical Education |
| ৫ | DS | Directorate of Sports |
| ৬ | NKKF | National Krirashebi Kalyan Foundation |
| ৭ | PGD | Postgraduate Diploma |
| ৮ | DSO | District Of Sports Office |
| ৯ | EARN | Economic Acceleration and Resilience for NEET |
| ১০ | GRP | Government Resource Planning |
| ১১ | MFS | Mobile Financial Service |
| ১২ | MPEd | Master of Physical Education |
| ১৩ | NEET | Not in Education, Employment, or Training |
| ১৪ | NICAR | National Implementation Committee for Administrative Reform |
| ১৫ | EIS | Employee's Information System |
| ১৬ | EPIS | Employee Pension Info System |
| ১৭ | GPEC | Government Physical Education College |
| ১৮ | NSC | National Sports Council |
| ১৯ | SFMS | Seed Financing Management System |
| ২০ | YTMS | Youth Training Management System |
| ২১ | ইআইএস | পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের ডেটাবেইজ |
| ২২ | ইপিআইএস | পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ডেটাবেইজ |
| ২৩ | এআই | আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স (কৃত্রিম বুদ্ধিমত্তা) |
| ২৪ | এনএসসি | জাতীয় ক্রীড়া পরিষদ |

| ক্রমিক নাম্বার | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ২৫ | এমপিএড | শারীরিক শিক্ষায় মাস্টার |
| ২৬ | জিআরপি | গভর্নমেন্ট রিসোর্স প্লানিং |
| ২৭ | জাক্রীকফা | জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন |
| ২৮ | জিপিইসি | সরকারি শারীরিক শিক্ষা কলেজ |
| ২৯ | ডিএসও | জেলা ক্রীড়া অফিস |
| ৩০ | নিকার | প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি |
| ৩১ | পিজিডি | স্নাতকোত্তর ডিপ্লোমা |
| ৩২ | বি-স্পোর্টস | ব্যাচেলর অব স্পোর্টস |
| ৩৩ | বিইএফটিএন | বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক |
| ৩৪ | বিকেএসপি | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |
| ৩৫ | বিপিএড | শারীরিক শিক্ষায় স্নাতক |
| ৩৬ | যুক্রীম | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |

# সংযোজনী ২
# বিস্তারিত পরিকল্পনা (Detailed plan)

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনার কার্যক্রম | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৫-২৬) | ২য় বছর (২০২৬-২৭) | ৩য় বছর (২০২৭-২৮) |
| ১ | দক্ষ ও উৎপাদনশীল যুবসমাজ গঠনের লক্ষ্যে যুবদের দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব উন্নয়ন অধিদপ্তর ১৮-৩৫ বছরের যুব ও যুব নারীদের দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান করে প্রধানত তাদের আত্মকর্মী হিসাবে গড়ে তোলে। এ লক্ষ্যে জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়। জানুয়ারি ২০২৬ হতে জুন ২০২৬ পর্যন্ত সময়ে ৬৪টি জেলা কার্যালয় ও ৬৪টি যুব প্রশিক্ষণ কেন্দ্রে ০১ মাস থেকে ০৬ মাস মেয়াদি বিভিন্ন ট্রেডে (কম্পিউটার বিষয়ক: কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন, প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন, মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন, ফ্রি ল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ, লাইট ইঞ্জিনিয়ারিং বিষয়ক প্রশিক্ষণ: ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, ইলেকট্রনিক্স, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ও মোবাইল ফোন সার্ভিসিং এন্ড রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণ, বস্ত্র বিষয়ক: পোশাক তৈরী, ব্লক বাটিক ও স্ক্রিন প্রিন্টিং, ওভেন সুইং মেশিন অপারেটিং বিষয়ক প্রশিক্ষণ, সমন্বিত কৃষি বিষয়ক: গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ, মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ (স্বাদু পানি/কোস্টাল এরিয়া), ক্যাটারিং বিষয়ক প্রশিক্ষণ এবং বিউটিফিকেশন বিষয়ক প্রশিক্ষণ) ২০০০০ (বিশ হাজার) জনকে প্রাতিষ্ঠানিক (আবাসিক ও অনাবাসিক) প্রশিক্ষণ এবং উপজেলা পর্যায়ে ০৭ থেকে ২১ দিন মেয়াদি স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক (অনাবাসিক) বিভিন্ন ট্রেডে (পশুসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স: পারিবারিক হাঁস-মুরগী পালন, ছাগল পালন, গরু মোটাতাজাকরণ বিষয়ক প্রশিক্ষণ মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ, কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স: মাশরুম ও মৌ চাষ, বসত বাড়ীতে সজি চাষ. নার্সারী, ফলের চাষ (লেবু, কলা, পেঁপে ইত্যাদি) বিষয়ক প্রশিক্ষণ, বস্ত্র বিষয়ক প্রশিক্ষণ কোর্স: পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স, ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক প্রশিক্ষণ কোর্স এবং স্থানীয় চাহিদা ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ) ৬০,০০০ (ষাট হাজার) জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। জানুয়ারি ২০২৬ মাসের প্রথম সপ্তাহে প্রথম ব্যাচের ভর্তি সম্পন্ন করে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। পরবর্তী ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম প্রশিক্ষণ বর্ষপঞ্জি অনুযায়ী পরিচালিত হবে। | জুলাই ২০২৬ হতে জুন ২০২৭ পর্যন্ত সময়ে ৬৪টি জেলা কার্যালয় ও ৬৪টি যুব প্রশিক্ষণ কেন্দ্রে ০১ মাস থেকে ০৬ মাস মেয়াদি বিভিন্ন ট্রেডে (কম্পিউটার বিষয়ক: কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন, প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন, মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন, ফ্রি ল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ, লাইট ইঞ্জিনিয়ারিং বিষয়ক প্রশিক্ষণ: ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, ইলেকট্রনিক্স, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ও মোবাইল ফোন সার্ভিসিং এন্ড রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণ, বস্ত্র বিষয়ক: পোশাক তৈরী, ব্লক বাটিক ও স্ক্রিন প্রিন্টিং, ওভেন সুইং মেশিন অপারেটিং বিষয়ক প্রশিক্ষণ, সমন্বিত কৃষি বিষয়ক: গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ, মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ (স্বাদু পানি/কোস্টাল এরিয়া), ক্যাটারিং বিষয়ক প্রশিক্ষণ এবং বিউটিফিকেশন বিষয়ক প্রশিক্ষণ) ৪২,০০০ (বিয়াল্লিশ হাজার) জনকে জেলা পর্যায়ে কর্মসংস্থান উপযোগী বিভিন্ন ট্রেডে প্রাতিষ্ঠানিক (আবাসিক ও অনাবাসিক) প্রশিক্ষণ এবং উপজেলা পর্যায়ে ০৭ থেকে ২১ দিন মেয়াদি স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক (অনাবাসিক) বিভিন্ন ট্রেডে (পশুসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স: পারিবারিক হাঁস-মুরগী পালন, ছাগল পালন, গরু মোটাতাজাকরণ বিষয়ক প্রশিক্ষণ মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ, কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স: মাশরুম ও মৌ চাষ, বসত বাড়ীতে সজি চাষ. নার্সারী, ফলের চাষ (লেবু, কলা, পেঁপে ইত্যাদি) বিষয়ক প্রশিক্ষণ, বস্ত্র বিষয়ক প্রশিক্ষণ কোর্স: পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স, ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক প্রশিক্ষণ কোর্স এবং স্থানীয় চাহিদা ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ) ১,২৫,০০০ (এক লক্ষ পচিঁশ হাজার) জনকে অপ্রাতিষ্ঠানিক (অনাবাসিক) প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। প্রশিক্ষণের বর্ষপঞ্জি অনুসরণ করে জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। | জুলাই ২০২৭ হতে জুন ২০২৮ পর্যন্ত সময়ে ৬৪টি জেলা কার্যালয় ও ৬৪টি যুব প্রশিক্ষণ কেন্দ্রে ০১ মাস থেকে ০৬ মাস মেয়াদি বিভিন্ন ট্রেডে (কম্পিউটার বিষয়ক: কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন, প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন, মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন, ফ্রি ল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ, লাইট ইঞ্জিনিয়ারিং বিষয়ক প্রশিক্ষণ: ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, ইলেকট্রনিক্স, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ও মোবাইল ফোন সার্ভিসিং এন্ড রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণ, বস্ত্র বিষয়ক: পোশাক তৈরী, ব্লক বাটিক ও স্ক্রিন প্রিন্টিং, ওভেন সুইং মেশিন অপারেটিং বিষয়ক প্রশিক্ষণ, সমন্বিত কৃষি বিষয়ক: গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ, মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ (স্বাদু পানি/কোস্টাল এরিয়া), ক্যাটারিং বিষয়ক প্রশিক্ষণ এবং বিউটিফিকেশন বিষয়ক প্রশিক্ষণ) ৪৭,০০০ (সাতচল্লিশ হাজার) জনকে জেলা পর্যায়ে কর্মসংস্থান উপযোগী বিভিন্ন ট্রেডে প্রাতিষ্ঠানিক (আবাসিক ও অনাবাসিক) প্রশিক্ষণ এবং উপজেলা পর্যায়ে ০৭ থেকে ২১ দিন মেয়াদি স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক (অনাবাসিক) বিভিন্ন ট্রেডে (পশুসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স: পারিবারিক হাঁস-মুরগী পালন, ছাগল পালন, গরু মোটাতাজাকরণ বিষয়ক প্রশিক্ষণ মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ, কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স: মাশরুম ও মৌ চাষ, বসত বাড়ীতে সজি চাষ, নার্সারী, ফলের চাষ (লেবু, কলা, পেঁপে ইত্যাদি) বিষয়ক প্রশিক্ষণ, বস্ত্র বিষয়ক প্রশিক্ষণ কোর্স: পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স, ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক প্রশিক্ষণ কোর্স এবং স্থানীয় চাহিদা ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ) ১,৩০,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার) জনকে অপ্রাতিষ্ঠানিক (অনাবাসিক) প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। প্রশিক্ষণের বর্ষপঞ্জি অনুসরণ করে জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। |

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনার কার্যক্রম | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | **১ম বছর (২০২৫-২৬)** | **২য় বছর (২০২৬-২৭)** | **৩য় বছর (২০২৭-২৮)** |
| ২ | যুব সংগঠনকে অনুদান প্রদান | যুবকল্যাণ তহবিল আইন ২০১৬ মোতাবেক মাননীয় উপদেষ্টা/মন্ত্রীর সভাপতিত্বে গঠিত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী আত্মকর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচনে সফল কর্মকান্ডের স্বীকৃতি স্বরূপ দেশের নিবন্ধিত যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান করা হয়। উল্লেখ্য, অনুদানের আর্থিক সীমা বৃদ্ধির প্রস্তাবসহ “যুব কল্যাণ তহবিল অনুদানের নীতিমালাটি” ডিসেম্বর/২৫-এর মধ্যে হালনাগাদ করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সংশোধিত নীতিমালার আলোকে বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের লক্ষ্যে দুইটি বাংলা জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। জেলা কমিটি, মহানগরী কমিটি ও উপজেলা কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করে সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রাথমিকভাবে উপযুক্ত যুব সংগঠন নির্বাচনের লক্ষ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে গঠিত সিলেকশন কমিটির সম্ভাব্য ০৩টি সভা ও সিলেকশন কমিটি কর্তৃক গঠিত বাছাই উপকমিটির সম্ভাব্য ০৫টি সভা আহ্বান করা হবে। সিলেকশন কমিটির সুপারিশ অনুযায়ী উপযুক্ত যুব সংগঠন চূড়ান্তভাবে নির্বাচনের লক্ষ্যে মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা/মন্ত্রীর সভাপতিত্বে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড সভার অনুমোদনক্রমে উপযুক্ত যুব সংগঠন নির্বাচন চূড়ান্ত করা হবে [সম্ভাব্য সময়সীমা: জানুয়ারি-জুন ২০২৬]। | যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড সভা কর্তৃক অনুদান প্রদানের লক্ষ্যে যুব সংগঠনের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা না হলে একই পদ্ধতিতে যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম চূড়ান্ত করা হবে। | যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড সভা কর্তৃক অনুদান প্রদানের লক্ষ্যে যুব সংগঠনের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা না হলে একই পদ্ধতিতে যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম চূড়ান্ত করা হবে। |
| ৩ | প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ঋণ সহায়তা প্রদান | যুব উন্নয়ন অধিদপ্তরের আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতায় ৫০৫ টি উপজেলা/থানায় বছরে মোট ৮২৪৫ জন প্রশিক্ষিত যুবকে, পরিবারভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় ৩৫০ টি উপজেলায় মোট ৫২৫০ জনকে এবং উদ্যোক্তা ঋণ কর্মসূচির আওতায় ৫০৫ টি উপজেলা/থানায় ০১ জন করে মোট ৫০৫ জন উদ্যোক্তাকে ঋণ সহায়তা প্রদান করা হবে। অর্থাৎ ০৩ টি ঋণ কর্মসূচির আওতায় (৮২৪৫+৫২৫০+৫০৫) সর্বমোট ১৪০০০ জনকে ঋণ সহায়তা প্রদান করা হবে। ঋণ প্রদানের পর বাস্তবায়ন হয়েছে কি না তা মনিটরিং করার কার্যক্রম গ্রহণ করা হবে। | আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতায় ৫০৫ টি উপজেলা/থানায় বছরে মোট ১৬৯৯০ জন প্রশিক্ষিত যুবকে, পরিবারভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় ৩৫০ টি উপজেলা/থানায় (০১টি কেন্দ্রে ৩০ জন) মোট ১০৫০০ জনকে এবং উদ্যোক্তা ঋণ কর্মসূচির আওতায় ৫০৫ টি উপজেলা/থানায় ০২ জন করে মোট ১০১০ জন উদ্যোক্তাকে ঋণ সহায়তা প্রদান করা হবে। অর্থাৎ ০৩ টি ঋণ কর্মসূচির আওতায় (১৬৯৯০+১০৫০০+১০১০)সর্বমোট ২৮৫০০ জনকে ঋণ সহায়তা প্রদান করা হবে। ঋণ প্রদানের পর বাস্তবায়ন হয়েছে কি না তা মনিটরিং করার কার্যক্রম গ্রহণ করা হবে। | আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতায় ৫০৫ টি উপজেলা/থানায় বছরে মোট ১৭০২৫ জন প্রশিক্ষিত যুবকে, পরিবারভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় ৩৫০ টি উপজেলা/থানায় (০১ টি কেন্দ্রে ৩০ জন) মোট ১০৫০০ জন ও ৩২ টি উপজেলায় অতিরিক্ত ০১ টি করে কেন্দ্রে আরও ৩০ জনকে মোট ৯৬০ জন অর্থাৎ (১০৫০০+৯৬০)=১১৪৬০ জনকে এবং উদ্যোক্তা ঋণ কর্মসূচির আওতায় ৫০৫ টি উপজেলা/থানায় ০৩ জন করে মোট ১৫১৫ জন উদ্যোক্তাকে ঋণ সহায়তা প্রদান করা হবে। অর্থাৎ ০৩ টি ঋণ কর্মসূচির আওতায় (১৭০২৫+১১৪৬০+১৫১৫) সর্বমোট ৩০০০০ জনকে ঋণ সহায়তা প্রদান করা হবে। ঋণ প্রদানের পর বাস্তবায়ন হয়েছে কি না তা মনিটরিং করার কার্যক্রম গ্রহণ করা হবে। |

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনার কার্যক্রম | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৫-২৬) | ২য় বছর (২০২৬-২৭) | ৩য় বছর (২০২৭-২৮) |
| ৪ | যুব পুরস্কার প্রদান | i) যুবকল্যাণ তহবিল আইন ২০১৬ মোতাবেক মাননীয় উপদেষ্টা/মন্ত্রীর সভাপতিত্বে গঠিত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য ০৮টি ক্যাটাগরির প্রতিটি ক্যাটাগরিতে ০২ জন করে মোট ১৬ (ষোলো) জন যুবকে “ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫” প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে। এ লক্ষ্যে ০২ টি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। প্রাপ্ত আবেদনসমূহ জেলা/উপজেলা কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচনের লক্ষ্যে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত সিলেকশন কমিটির ০৩টি সভা এবং সিলেকশন কমিটি কর্তৃক গঠিতব্য বাছাই উপকমিটির ০৫ টি সভা অনুষ্ঠিত হবে। সিলেকশন কমিটির সুপারিশ/বোর্ড সভার সিদ্ধান্তের মাধ্যমে নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের কার্যক্রম অধিকতর যাচাই-বাছাই করা হবে। অতঃপর মাননীয় উপদেষ্টা/মন্ত্রীর সভাপতিত্বে গঠিত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের সভায় চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের অ্যাওয়ার্ড প্রদানের জিও জারি করা হবে [সম্ভাব্য সময়সীমা: জানুয়ারি-জুন ২০২৬]।<br><br>ii) যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে জাতীয় যুব পুরস্কার ২০২৬ প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে প্রশিক্ষিত সফল আত্মকর্মী ও যুব সংগঠকদের জন্য দরখাস্ত আহবান করা হবে এবং এজন্য দুইটি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ যুব ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। সফল আত্মকর্মী ও যুব সংগঠকের আবেদন জেলা মনোনয়ন কমিটি ও কেন্দ্রীয় মনোনয়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই করা হবে। সফল আত্মকর্মী ও যুব সংগঠককে পুরস্কার প্রদানের ক্ষেত্রে তাদের গৃহীত প্রকল্পসমূহ ও যুব সংগঠন সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করা হবে এবং কমিটির চূড়ান্ত মতামতসহ জাতীয় যুব পুরস্কার কমিটির নিকট প্রেরণ করবে [সময়সীমা হবে মার্চ ২০২৬ হতে জুন ২০২৬ পর্যন্ত]। | i) “ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫” প্রদান। পুরস্কার ক্যাটাগরি ও সংখ্যা যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড সভা কর্তৃক হ্রাস-বৃদ্ধি করা না হলে পূর্বের বছরের ন্যায় একই পদ্ধতিতে “ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬” প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম চূড়ান্ত করা হবে।<br><br>ii) জাতীয় যুব পুরস্কার ২০২৬ প্রদানের লক্ষ্যে তথ্য ও উপাত্ত পর্যালোচনাপূর্বক উপদেষ্টা/মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাপতিত্বে জাতীয় যুব পুরস্কার কমিটি চূড়ান্তভাবে ১৪ জন সফল আত্মকর্মী ও ৬ জন যুব সংগঠককে নির্বাচন করবে এবং জাতীয় যুব পুরস্কার ২০২৬ প্রদান করা হবে [সময়সীমা জুলাই ২০২৬ হতে আগস্ট ২০২৬ পর্যন্ত]। জাতীয় যুব পুরস্কার ২০২৭ প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে প্রশিক্ষিত সফল আত্মকর্মী ও যুব সংগঠকদের জন্য দরখাস্ত আহবান করা হবে এবং এজন্য দুইটি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ যুব ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। সফল আত্মকর্মী ও যুব সংগঠকের আবেদন জেলা মনোনয়ন কমিটি ও কেন্দ্রীয় মনোনয়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই করা হবে। সফল আত্মকর্মী ও যুব সংগঠককে পুরস্কার প্রদানের ক্ষেত্রে তাদের গৃহীত প্রকল্পসমূহ ও যুব সংগঠন সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করা হবে এবং কমিটির চূড়ান্ত মতামতসহ জাতীয় যুব পুরস্কার কমিটির নিকট প্রেরণ করবে। সময়সীমা হবে মার্চ ২০২৭ হতে জুন ২০২৭ পর্যন্ত। | i) “ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬” প্রদান। পুরস্কার ক্যাটাগরি ও সংখ্যা যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড সভা কর্তৃক হ্রাস-বৃদ্ধি করা না হলে পূর্বের বছরের ন্যায় একই পদ্ধতিতে “ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৭” প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম চূড়ান্ত করা হবে।<br>ii) জাতীয় যুব পুরস্কার ২০২৭ প্রদানের লক্ষ্যে তথ্য ও উপাত্ত পর্যালোচনাপূর্বক মাননীয় উপদেষ্টা/মন্ত্রীর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাপতিত্বে জাতীয় যুব পুরস্কার কমিটি ১৪ জন সফল আত্মকর্মী ও ০৬ জন যুব সংগঠককে চূড়ান্তভাবে নির্বাচন করবে এবং জাতীয় যুব পুরস্কার ২০২৭ প্রদান করা হবে [সময়সীমা জুলাই ২০২৭ হতে আগস্ট ২০২৭ পর্যন্ত]। জাতীয় যুব পুরস্কার ২০২৮ প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে প্রশিক্ষিত সফল আত্মকর্মী ও যুব সংগঠকদের জন্য দরখাস্ত আহবান করা হবে এবং এজন্য দুইটি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ যুব ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। সফল আত্মকর্মী ও যুব সংগঠকের আবেদন জেলা মনোনয়ন কমিটি ও কেন্দ্রীয় মনোনয়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই করা হবে। সফল আত্মকর্মী ও যুব সংগঠককে পুরস্কার প্রদানের ক্ষেত্রে তাদের গৃহীত প্রকল্পসমূহ ও যুব সংগঠন সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করা হবে এবং কমিটির চূড়ান্ত মতামতসহ জাতীয় যুব পুরস্কার কমিটির নিকট প্রেরণ করবে [সময়সীমা হবে মার্চ ২০২৮ হতে জুন ২০২৮ পর্যন্ত]। |

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনার কার্যক্রম | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৫-২৬) | ২য় বছর (২০২৬-২৭) | ৩য় বছর (২০২৭-২৮) |
| ৫ | অনলাইন অ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরি | i)অভিযোগ প্রতিকার ব্যবস্থা সিস্টেমে জনাব ফাহিম শেখ হতে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম এবং এর পাশাপাশি দেশের নিবন্ধিত যুব সংগঠনসূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার লক্ষ্যে বিদ্যমান পিপিআর অনুযায়ী ইয়্যুথ ভলান্টিয়া অ্যাওয়ার্ড প্রদান এবং দেশের নিবন্ধিত যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের নিমিত্ত একটি অনলাইন অ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরির লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করা হবে।<br><br>ii) YTMS (Youth Training Management System): যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় প্রতি বছর প্রায় ১৭০০০০ জন কর্মপ্রত্যাশী যুবকে বিভিন্ন ট্রেড ও বিষয়ে জেলা-উপজেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের তথ্য ডিজিটালি সংরক্ষণের লক্ষ্যে অনলাইনে প্রশিক্ষণ ভর্তি কার্যক্রম ও ই-সনদ প্রদানের জন্য সফটওয়্যার ডিজাইন এবং ডেভেলপমেন্ট করা হবে। মার্চ ২০২৬-এর মধ্যে সফটওয়্যার ডিজাইন এবং ডেভেলপমেন্ট-এর কাজ শেষ করা হবে। এপ্রিল ২০২৬ মাসে পাইলটিং হিসেবে ০৮ বিভাগের ০৮টি জেলায় অনলাইনে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং প্রশিক্ষণ শেষে ই-সনদ প্রদান করা হবে।<br><br>iii) প্রথম বৎসরে ঋণের ডাটাবেজ সফটওয়্যারের ডিজাইন উন্নয়নের/আপডেটের উদ্যোগ গ্রহণ করা হবে। এ পর্যায়ে ঋণের মাষ্টার রেজিস্টার, ঋণগ্রহীতাদের ডিজিটাল পাসবই এবং ঋণের মাসিক প্রতিবেদন সংযোজনের মাধ্যমে ঋণের ডাটাবেজ সফটওয়্যারে আপডেট করা হবে। এ সময় সফটওয়্যার ব্যবহারকারীদের ফিডব্যাক সংগ্রহ করে প্রয়োজনীয় উন্নয়নমূলক পরিবর্তন আনয়নের জন্য সফটওয়্যারটি খুলনা জেলায় পাইলটিং করা হবে। সময়সীমা হবে জুন ২০২৬ পর্যন্ত, এ লক্ষ্যে সফটওয়্যার উন্নয়ন ও পাইলটিং নিশ্চিত করতে বাজেটে অর্থের সংস্থান রাখা হবে।<br><br>iv) MFS (Mobile Financial Service) মার্চ ২০২৬ মাসের মধ্যে সার্ভিস প্রোভাইডার এর সাথে চুক্তি সম্পাদন করা হবে, এপ্রিল ২০২৬ থেকে ১টি জেলায় পাইলটিং হিসেবে ঢাকা জেলায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ভাতা প্রদান বাস্তবায়ন করা হবে।<br><br>v) মন্ত্রণালয়ের অফিসিয়াল কার্যক্রম পরিচালনার নিমিত্ত বিভিন্ন ধরনের অফিস সরঞ্জামাদি ক্রয় ও বিতরণ ব্যবস্থাপনার জন্য একটি স্মার্ট ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম ডেভেলপমেন্ট করা প্রয়োজন। উক্ত সিস্টেমের মাধ্যমে মন্ত্রণালয়ের স্টোর-এর বিভিন্ন অফিসিয়াল সরঞ্জামাদির তালিকা তৈরি, মজুদের পরিমাণ, চাহিদা প্রেরণ, জিনিসপত্রের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ সম্ভব হবে। কর্মকর্তা-কর্মচারীরা অনলাইনে রিকুইজিশন দাখিল করতে পারবেন, যা স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুমোদনের জন্য পাঠানো হবে; এতে প্রক্রিয়াটি দ্রুত, স্বচ্ছ ও ট্রেসযোগ্য হবে। এ লক্ষ্যে User Acceptance Test সম্পন্ন করে সফটওয়্যার এর প্রাথমিক পরীক্ষা (পাইলটিং) করা হবে। পরবর্তীতে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। সফটওয়্যার সকল ব্যবহারকারীর জন্য উন্মুক্তকরনের লক্ষ্যে সার্ভার হোস্টিং সম্পন্ন করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় বরাদ্দ বাজেটে সংস্থান রাখার ব্যবস্থা করা হবে। | i) সফটওয়্যার ডেভেলপমেন্ট; সফটওয়্যারের প্রাথমিক পরীক্ষাসহ (পাইলটিং) এ বিষয়ে User Acceptence Test সম্পন্ন করে এ মন্ত্রণালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। অনলাইন অ্যাপ্লিকেশন সফটওয়্যারের মাধ্যমে "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৭"প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম এবং এর পাশাপাশি দেশের নিবন্ধিত যুব সংগঠনসূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় বরাদ্দ বাজেটে সংস্থান রাখার ব্যবস্থা করা হবে।<br><br>ii) ২০২৬-২০২৭ অর্থবছরে অবশিষ্ট ৫৬ টি জেলায় অনলাইনে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ভর্তি কার্যক্রম পরিচালনা করা হবে এবং প্রশিক্ষণ শেষে ই-সনদ প্রদান করা হবে। কার্যক্রম চলমান থাকবে।<br><br>iii) দ্বিতীয় বৎসরে ঋণের মাষ্টার রেজিস্টার, ঋণ গ্রহীতাদের ডিজিটাল পাসবই এবং ঋণের মাসিক প্রতিবেদন সংযোজনের মাধ্যমে তৈরীকৃত Seed Financing Management System সংক্রান্ত খুলনা জেলাসহ ০৮ বিভাগের ০৮ জেলায় বাস্তবায়ন করা হবে। জুলাই ২০২৬ থেকে জুন ২০২৭ পর্যন্ত এ কাজ চলবে। এ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে বাজেটে অর্থের সংস্থান রাখা হবে।<br><br>iv) ২০২৬-২০২৭ অর্থবছরে ঢাকা জেলাসহ ৮ বিভাগের ৮ জেলায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ভাতা প্রদান বাস্তবায়িত হবে।<br><br>v) ……. | i) অনলাইন অ্যাপ্লিকেশন সফটওয়্যারের মাধ্যমে "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড এবং যুবকল্যাণ তহবিল অনুদানের কার্যক্রম বাস্তবায়ন।<br>ii) ২০২৭-২০২৮ অর্থবছরে সকল উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় অনলাইনে ভর্তি ও ই-সনদ প্রদান করা হবে। ফিডব্যাকের ভিত্তিতে সেবা উন্নয়নের জন্য নতুন ফিচার যেমন দ্রুত প্রসেসিং ও আবেদন ট্র্যাকিং সিস্টেম যুক্ত করা হবে। সেবা গ্রহীতাদের সন্তুষ্টি যাচাইয়ের জন্য জরিপ পরিচালনা করা হবে। যা জুলাই ২০২৭ থেকে জুন ২০২৮ পর্যন্ত সময়সীমার মধ্যে বাস্তবায়িত হবে।<br><br>iii) তৃতীয় বৎসরে ঋণের মাষ্টার রেজিস্টার, ঋণ গ্রহীতাদের ডিজিটাল পাসবই এবং ঋণের মাসিক প্রতিবেদন সংযোজনের মাধ্যমে তৈরীকৃত Seed Financing Management System সংক্রান্ত সফটওয়্যারের ব্যবহার কার্যক্রম অবশিষ্ট ৫৬ টি জেলায় পরিচালনা করা হবে। জুলাই ২০২৭ থেকে জুন ২০২৮ পর্যন্ত সময়সীমার মধ্যে এ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে বাজেটে অর্থের সংস্থান রাখা হবে।<br><br>iv) ২০২৭-২০২৮ অর্থবছরে অবশিষ্ট ৫৬ জেলায় সকল প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ভাতা প্রদান বাস্তবায়ন করা হবে।<br><br>v) …… |

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনার কার্যক্রম | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৫-২৬) | ২য় বছর (২০২৬-২৭) | ৩য় বছর (২০২৭-২৮) |
